# বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

# বাপবিবো নির্দেশিকা ৭০০-১৬

## স্থানীয় প্রশিক্ষণ নীতিমালা

(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

**(Kamrul Ahsan Mollik)**
Asst. Secy. (Board), BREB.

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
বাপবিবো নির্দেশিকা ৭০০-১৬

অনুমোদনের তারিখঃ ১৯/০২/২০২০ খ্রিঃ
সংশোধনের তারিখঃ -

**বিষয়ঃ স্থানীয় প্রশিক্ষণ নীতিমালা**

**১॥ উদ্দেশ্যঃ**

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড ও পবিস এর কর্মকর্তাদের সুনির্দিষ্ট পন্থা অবলম্বনের মাধ্যমে স্থানীয় প্রশিক্ষণে যোগ্য প্রার্থী মনোনয়ন প্রদান।

**২॥ সংগাঃ**

**স্থানীয় প্রশিক্ষণঃ** বাপবিবোর্ড ও পবিস কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ ব্যতীত বাংলাদেশের অভ্যন্তরে সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত সংস্থা, শিক্ষা প্রতিষ্ঠান, উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারী প্রতিষ্ঠান ইত্যাদি কর্তৃক আয়োজিত প্রশিক্ষণকে স্থানীয় প্রশিক্ষণ নামে অভিহিত করা হবে।

**৩॥ নীতিমালাঃ**

**৩.১॥ মেয়াদ ভেদে প্রশিক্ষণের নাম, প্রশিক্ষণ সময়/ব্যাপ্তিকাল, প্রার্থরী বয়স এবং যোগ্যতাঃ**

মেয়াদ ভেদে প্রশিক্ষণের নাম, প্রশিক্ষণ সময়/ব্যাপ্তিকাল, প্রার্থরী বয়স এবং যোগ্যতা নিম্নের ছকে প্রদত্ত বিবরণ অনুযায়ী নির্ধারিত হবে-



(Md. Mozibur Rahman)
Consultant TAPP, BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭৩০

(Md. Ahsanul Haque)
Consultant,TAPP. BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP. BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

| ক্রঃ নং | মেয়াদ ভেদে স্থানীয় প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণ সময়/ ব্যাপ্তিকাল | প্রার্থীর গ্রহণযোগ্য বয়স | প্রার্থরীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | স্বল্প-মেয়াদী স্থানীয় প্রশিক্ষণ | ১ সপ্তাহ হতে ৩ সপ্তাহ | ৫৮ বছরের কম | বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সন্তোষজনকভাবে শিক্ষানবীশকাল অতিক্রম করার পর কোন কর্মকর্তা/ কর্মচারী এ প্রশিক্ষণের জন্য যোগ্য বিবেচিত হবেন। |
| | | ৪ সপ্তাহ হতে অনুর্দ্ধ ৬ মাস | ৫৬ বছরের কম | |
| ০২ | মধ্যম-মেয়াদী স্থানীয় প্রশিক্ষণ | ৬ মাসের বেশি কিন্তু ১ বছরের কম | ৫০ বছরের কম | |
| ০৩ | দীর্ঘ-মেয়াদী স্থানীয় প্রশিক্ষণ (যেমন- MS. MBA, Ph. D ইত্যাদি) | ১ বছর কিংবা তার বেশি | ৪৫ বছর পর্যন্ত | |

**২.২॥ মনোনয়ন প্রক্রিয়াঃ**

(ক) মনোনয়ন প্রত্যাশী প্রার্থীর প্রশিক্ষণ বিষয়ের উপর বাস্তব ও তাত্ত্বিক প্রাথমিক জ্ঞান বা ধারনা থাকতে হবে।

(খ) কোন প্রার্থী একবার দীর্ঘ মেয়াদী স্থানীয় প্রশিক্ষণ গ্রহণ করলে এর পর দীর্ঘ মেয়াদী স্থানীয় প্রশিক্ষণে বিভাগীয় বিশেষ প্রয়োজন ছাড়া তাকে পুনরায় মনোনয়ন দেয়া হবে না। কোন প্রার্থী স্বল্প ও মধ্যম মেয়াদী স্থানীয় প্রশিক্ষণের জন্য মনোনীত হলে অথবা স্বল্প ও মধ্যম মেয়াদী স্থানীয় প্রশিক্ষণ গ্রহণ করে থাকলেও প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে তাকে দীর্ঘ মেয়াদী স্থানীয় প্রশিক্ষণের জন্য মনোনয়ন দেয়া যাবে। এক্ষেত্রে ভিন্নতর প্রশিক্ষণ কোর্স হওয়া বাঞ্ছনীয় অথবা পূর্বে গ্রহণকৃত প্রশিক্ষণের ফলোআপ/ রিফ্রেশার (refresher) জাতীয় প্রশিক্ষণ কোর্স হতে হবে। প্রশিক্ষণ পরিদপ্তর এর প্রশিক্ষণ কাজে সরাসরি জড়িত যেমন- সংস্থার প্রশিক্ষণ কাজের জন্য বিশেষ অবদান রেখেছেন, প্রশিক্ষণ ম্যানুয়াল তৈরী, প্রশিক্ষণ ম্যানুয়াল অনুবাদ, উল্লেখযোগ্য পরিমান প্রশিক্ষণ মেটারিয়েল তৈরী, ট্রেনিং নীড এ্যাসেসমেন্ট (TNA) ইত্যাদি কাজ করেছেন এরূপ কর্মকর্তা/ কর্মচারীর জন্য বিশেষ অগ্রাধিকার দেয়া হবে। কোন জাতীয় বা আন্তর্জাতিক পর্যায়ে বা কোন গবেষণামূলক কাজে



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakrabortty)
PD, TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB

বিশেষ অবদান রেখেছেন, যা সংস্থার কাজে অবদান রাখছে বা রাখবে এরূপ প্রার্থীর আবেদনও দীর্ঘ মেয়াদী স্থানীয় প্রশিক্ষণে মনোনয়নের জন্য অগ্রাধিকার পাবে।

(গ) প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে প্রকল্প সংশ্লিষ্ট স্থানীয় প্রশিক্ষণে প্রার্থী মনোনয়ন করা হবে।

(ঘ) প্রকল্পে চুক্তি ভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা/ কর্মচারীর সংশ্লিষ্ট প্রকল্পের সংশ্লিষ্ট প্রশিক্ষণ ছাড়া ঐ সকল কর্মকর্তা/ কর্মচারীকে স্থানীয় প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হবে না।

(ঙ) বিভাগীয় প্রয়োজন ব্যতীত সেচ্ছায় আগ্রহী প্রার্থীকে সংস্থার রাজস্ব পদে চাকুরীর মেয়াদ পাঁচ (৫) বছর পূর্ণ হওয়া সাপেক্ষে পূর্ণকালীন এমএস, এমবিএ বা সমমানের একাডেমিক ডিগ্রীর জন্য প্রশিক্ষণার্থীকে বিনা বেতনে সর্বোচ্চ দুই (২) বছর এবং পিএইচডি কোর্সের জন্য বিনা বেতনে সর্বোচ্চ তিন (৩) বছর প্রেষণ দেয়া যাবে। এর বেশি সময়ের প্রয়োজন হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভাগের অতিরিক্ত সময় প্রয়োজন হওয়ার কারণ ব্যাখ্যাসহ সুপারিশ থাকা সাপেক্ষে তা বিবেচনাযোগ্য হতে পারে। খন্ডকালীন (অফিস সময়ের পরে বা সাপ্তাহিক ছুটির দিন) এমএস, এমবিএ বা সমমানের একাডেমিক ডিগ্রীর জন্য প্রশিক্ষণার্থীকে পূর্ণ বেতনে সর্বোচ্চ তিন (৩) বছর এবং পিএইচডি কোর্সের জন্য সর্বোচ্চ পাঁচ (৫) বছর অনুমতি দেয়া যাবে। এর বেশি সময়ের প্রয়োজন হলে অতিরিক্ত সময় প্রয়োজন হওয়ার কারণ ব্যাখ্যাসহ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট বিভাগের সুপারিশ থাকা সাপেক্ষে অতিরিক্ত সময় প্রদান বিবেচনাযোগ্য হতে পারে। খন্ডকালীন মনোনীত প্রার্থী বিভাগীয় কাজে তার একাডেমিক শিক্ষার কোন ওজর আপত্তি উত্থাপন করতে পারবে না। বিভাগীয় জরুরী প্রয়োজনে বাপবিবোর্ড কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সময় মনোনয়ন বাতিল করতে পারেব।

(চ) বিভাগীয় কাজের সাথে সংশ্লিষ্ট বিষয়ে যৌক্তিকতার বিচারে স্থানীয় প্রশিক্ষণ ও উচ্চ শিক্ষা গ্রহণের প্রয়োজন হলে অগ্রাধিকার দেয়া হবে।

৩॥ নির্বাচন পদ্ধতিঃ



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakraborty)
PD TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.

(ক) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হয়ে শিক্ষনবীশকাল (probation period) অতিক্রান্ত হওয়াসহ রাজস্ব পদের কর্মকর্তা/ কর্মচারী হতে হবে;

(খ) সুনির্দিষ্ট বিশেষায়িত প্রশিক্ষণ ব্যতীত অন্যান্য স্থানীয় প্রশিক্ষণ সকল ক্যাডারের কর্মকর্তা/ কর্মচারীর জন্য উন্মুক্ত থাকবে।

(গ) প্রার্থীর যোগ্যতা, দপ্তর/ পরিদপ্তর/পবিস এর চাহিদা ও প্রয়োজনীয়তা ইত্যাদি বিষয় বিবেচনা পূর্বক প্রশিক্ষণ পরিদপ্তরের পরিচালক প্রার্থীর নাম স্থানীয় প্রশিক্ষণের জন্য প্রস্তাব করবেন। স্বল্প ও মধ্যম মেয়াদী স্থানীয় প্রশিক্ষণে সংশ্লিষ্ট সদস্য এর অনুমোদনে এবং দীর্ঘ মেয়াদী স্থানীয় প্রশিক্ষণে চেয়ারম্যানের অনুমোদনে প্রার্থী মনোনয়ন পত্র প্রশিক্ষণ পরিদপ্তরের পরিচালক জারী করবেন।

৪॥ **মনোনীত প্রার্থীদের দায়িত্ব ও কর্তব্যঃ**

(ক) দীর্ঘ মেয়াদী পুর্ণকালীন স্থানীয় প্রশিক্ষণে গমনের পূর্বে মনোনীত প্রার্থীকে প্রশিক্ষণ/একাডেমিক শিক্ষা শেষে সরকারী নীতিমালা অনুযায়ী নির্ধারিত মেয়াদ পর্যন্ত চাকুরী করতে সম্মত আছেন এ মর্মে অংগীকারনামা/হলফনামা প্রদান করতে হবে।

(খ) প্রার্থীদের প্রশিক্ষণের পর সংশ্লিষ্ট বিষয়ের উপর আহরিত জ্ঞান ও সৃজনশীল চিন্তাভাবনা স্ব স্ব কর্মক্ষেত্রে প্রয়োগে বলিষ্ঠ ও কার্যকর ভূমিকা রাখতে হবে।

(গ) দীর্ঘ ও মধ্যম মেয়াদী (ক্ষেত্র বিশেষে স্বল্প মেয়াদী) প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণ পরিদপ্তরের তত্ত্বাবধানে প্রশিক্ষণ বিষয়ে ডেমোনেষ্ট্রেশন প্রদান করতে হবে।

(ঘ) দীর্ঘ ও মধ্যম মেয়াদী প্রশিক্ষণ শেষে বাপবিবোর্ডের কর্মকর্তা/ কর্মচারীকে পরিচালক (কর্মচারী প্রশাসন) ও পরিচালক (প্রশিক্ষণ) এর নিকট এবং পবিস এর কর্মকর্তা/ কর্মচারীকে সংশ্লিষ্ট পবিস এর সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, পরিচালক (পবিস মানব সম্পদ) ও পরিচালক (প্রশিক্ষণ) এর নিকট এক কপি করে প্রশিক্ষণ প্রতিবেদন জমা দিতে হবে।



(Md. Mozibur Rahman)
Consultant TAPP BREB

(Md. Duhidul Islam)
Consultant TAPP BREB

(Md. Mozammel Huq)
Consultant TAPP BREB

(Md. Abdul Khaleque)
Consultant TAPP BREB

৬২১ তম বোর্ড সভায় অনুমোদিত সিদ্ধান্ত নং ১৭৭০০

(Md. Ahsanul Haque)
Consultant TAPP BREB

(Debasish Chakraborty)
PD TAPP BREB

(Kamrul Ahsan Mollik)
Asst. Secy. (Board), BREB.